

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মে ২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ তৌহিদুর রহমান উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর, দিনাজপুর
স্থান	:	উপজেলা প্রশাসন সম্মেলন কক্ষ
তারিখ	:	১৩.০৫.২০১৯ খ্রিঃ
সময়	:	সকাল ১০.০০ মিঃ
সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নাম	:	পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ সভায় গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা দৃষ্টীকরণ করা হয়। অতঃপর মে ২০১৯ মাসের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে নিম্নরূপ আলোচনা করা হয়।

বিরামপুর উপজেলার আইন শৃঙ্খলা বিষয়ে আলোচনাঃ

১। চেয়ারম্যান, ২নং কাটলা ইউপি জানান যে, বর্তমানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কোন সমস্যা নেই। তার ইউনিয়নের কাটলা বাজারে আলিমুদ্দিন কসাই বেশি দামে গরুর মাংস বিক্রয় করছেন। তিনি উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

২। চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউপি জানান যে, তার ইউনিয়নের বর্তমানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ইউনিয়নে গাটো ওরফে মতিন নামের একজন লোক মাদকের ব্যবসা করছেন। তাকে ধরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

৩। সভাপতি, দূনীতি প্রতিরোধ কমিটি, বিরামপুর সভায় জানান যে, গ্রামে গ্রামে লোকজন মাদক সেবন করছেন। উক্ত মাদক সেবন প্রতিরোধ করার জন্য প্রতিটি ইউনিয়নে ওয়ার্ড কমিটি রয়েছে। মাদক সেবন প্রতিরোধ করার বিষয়ে নিয়মিত ওয়ার্ড কমিটির সভা, ওঠান বৈঠকের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি সভায় আরো জানান যে, বিনাইল ও জোতবানী ইউনিয়নের মধ্যে অনেক রাস্তার ধারে পুকুর রয়েছে। উক্ত পুকুরের পাড় ভেঙ্গে রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে। তিনি উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, বিরামপুর সভায় জানান যে, অনেক দোকানে পুরাতন খবরের কাগজে খাবার মুড়িয়ে দিয়ে খাবার বিক্রয় করা হচ্ছে। যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। তিনি এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

৫। অফিসার ইনচার্জ, বিরামপুর থানা সভায় জানান যে, পবিত্র রমজান মাসকে তিন ভাগে ভাগ করে নিরাপত্তা ব্যবস্থা জোরদারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বর্তমানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আসন্ন ঈদউল ফিতরের ছুটিতে ঘরমুখি মানুষ যাতে নিরাপদে বাড়ী ফিরতে পারে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। জানাব মোঃ আকরাম হোসেন, সাংবাদিক, বিরামপুর জানান যে, বিরামপুরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তিনি জানান যে, প্রেসক্লাবের কমিটির মেয়াদ শেষ হয়ে গেছে। তিনি বিরামপুরের সকল সাংবাদিকদের নিয়ে বিরামপুর প্রেস ক্লাবের কমিটির গঠনে সহযোগিতা করার অনুরোধ করেন।

৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সভায় অবহিত করেন যে, মাদকের করাল গ্রাস থেকে রক্ষা পাওয়ার জন্য সকলকে সচেতন হতে হবে। যারা মাদকের ব্যবসা করে তাদেরকে ধরতে হবে এবং মাদকের কুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। আসন্ন ঈদ উল ফিতরের ছুটিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির যাতে কোন প্রকার অবনতি না ঘটে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বিরামপুর থানার দৃষ্টি আকর্ষণ করেন।

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে বলেন যে, পবিত্র রমজান মাস চলছে। নিত্য প্রয়োজনীয় দৃব্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। আসন্ন ঈদ উল ফিতরের নামাজ সুষ্ঠুভাবে আদায় করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ঈদগাহ মাঠের স্বেচ্ছা সেবক কমিটি গঠনপূর্বক কমিটির তালিকা জরুরী ভিত্তিতে এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সভার সিদ্ধান্ত

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	মাদক ও চোরাচালানের বিরুদ্ধে যৌথ অভিযান পরিচালনা করতে হবে	১। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর ২। অফিসার ইন-চার্জ, বিরামপুর থানা, দিনাজপুর ৩। কোম্পানী কমান্ডার/ক্যাম্প কমান্ডার/ক্যাম্প ইন-চার্জ (সকল), বিজিবি, বিরামপুর
২	পৌরসভা ও ইউনিয়ন পরিষদে গঠিত ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা নিয়মিত ভাবে করতে হবে এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর ২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, বিরামপুর
৩	প্রতিটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে সমাজের বিভিন্ন স্তরের লোকের সমন্বয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি জরুরী ভিত্তিতে ১৫ সদস্য বিশিষ্ট ওয়ার্ড কমিটি গঠন করে কমিটির তালিকা অফিসার ইনচার্জ, বিরামপুর থানা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর
৪	পৌরসভা/ইউনিয়নের সকল ওয়ার্ডে গণমান্য ব্যক্তিবর্গ ও ইমামদের নিয়ে মাদকের কুফল ও নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাধ্যবিবাহ প্রতিরোধ বিষয়ে উঠান বৈঠক করতে হবে।	১। মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর ২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, বিরামপুর
৫	সকল মসজিদে মাদকের কুফল সম্পর্কে ইমামদেরকে বক্তব্য দিতে হবে।	১। ইমাম, সকল জামে মসজিদ, বিরামপুর।
৬	আনসার ভিডিও সদস্যদের মাধ্যমে গ্রামে মাদকের তথ্য সংগ্রহ করে থানায় দাখিল করতে হবে।	১। উপজেলা আনসার ও ভিডিও অফিসার, বিরামপুর

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ তৌহিদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বিরামপুর, দিনাজপুর

ও

সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
বিরামপুর, দিনাজপুর